



কর্মসংস্থান ব্যাংক
(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ

হিসাব পরিপত্র নং-০২/২০১৭

তারিখ : ১৮.০৪.২০১৭

বিষয় : সঞ্চয়ী আমানত হিসাবের হিসাব রক্ষণাবেক্ষণ ফি (Account Maintenance Fee) আদায়/কর্তন।

ব্যাংকের কার্যক্রমের শুরু থেকে উদ্যোক্তাদের সঞ্চয়ে উদ্বুদ্ধ করার লক্ষ্যে নির্দিষ্ট হারে জমা প্রদানের নির্দেশনাসহ বাধ্যতামূলক সঞ্চয়ী আমানত হিসাব খোলা হতো। উদ্যোক্তা, গ্যারান্টার ও প্রাপ্ত বয়স্ক জনসাধারণের অনুরোধক্রমে সঞ্চয়ী আমানত হিসাবে যে কোন পরিমাণ অর্থ জমা প্রদান ও উত্তোলনের বিষয়টি ব্যাংক পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে উন্মুক্ত করা হয়। অন্যান্য গ্রাহকদের পাশাপাশি ঋণ গ্রহীতারাও সঞ্চয়ী আমানত হিসাবে জমাকৃত অর্থ ঋণের আকারভেদে নূন্যতম জমা সংরক্ষণের বিধান অনুসরণ পূর্বক টাকা উত্তোলন করতে পারেন। এ কারণে অন্যান্য ব্যাংকের ন্যায় এ ব্যাংকের সঞ্চয়ী আমানত হিসাবের উপর হিসাব রক্ষণাবেক্ষণ ফি (Account Maintenance Fee) আদায়/কর্তন করার নির্দেশ দেয়া হলো।

০২। সঞ্চয়ী আমানত হিসাবের হিসাব রক্ষণাবেক্ষণ ফি (Account Maintenance Fee) আদায়/কর্তন বিষয়ে করণীয় হিসাব পদ্ধতি নিম্নরূপ :

(ক) সঞ্চয়ী আমানত হিসাবের উপর হিসাব রক্ষণাবেক্ষণ ফি (Account Maintenance Fee) আদায়/কর্তন : প্রতিটি সঞ্চয়ী আমানত হিসাবের উপর প্রতি অর্থ-বছরের জুন সমাপনীতে হিসাব রক্ষণাবেক্ষণ ফি (Account Maintenance Fee) বাবদ ১০০.০০ (একশত) টাকা আয়খাতভুক্ত করতে হবে। এ ছাড়া, উক্ত ফির উপর ১৫% হারে মূসক (VAT) আদায়/কর্তন করতে হবে। কর্তনকৃত মূসক হিসাব পরিপত্র নং ১০/২০১৬ তারিখ ২৯.১১.২০১৬ অনুচ্ছেদ নং ২(XXX) এর নির্দেশনা অনুযায়ী চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমা দিতে হবে। হিসাব রক্ষণাবেক্ষণ ফি আদায়ের হিসাব পদ্ধতি নিম্নরূপ :

ডেবিট	ক্রেডিট
০২০২০০ - সঞ্চয়ী আমানত হিসাব	০৪০২২৫- হিসাব রক্ষণাবেক্ষণ ফি (Account Maintenance Fee)
	০৪০১০৫ - মূসক (VAT)

(খ) যে সকল সঞ্চয়ী আমানত হিসাব দীর্ঘ দিন যাবৎ লেনদেন বন্ধ রয়েছে এবং যে সকল হিসাবের স্থিতি ১১৫.০০ টাকা ও তদপেক্ষা কম ঐ সকল হিসাব হতে হিসাব রক্ষণাবেক্ষণ ফি (Account Maintenance Fee) আগামী ৩০.০৪.২০১৭ তারিখের মধ্যে কর্তন পূর্বক হিসাবভুক্ত করতে হবে। এ সঞ্চয়ী হিসাব সমূহ স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

(গ) যে সকল সঞ্চয়ী আমানত হিসাবের স্থিতি ১১৫.০০ টাকা অপেক্ষা কম সে সকল হিসাব হতে হিসাব রক্ষণাবেক্ষণ ফি (Account Maintenance Fee) ও মূসক (VAT) হারাহরিভাবে কর্তন করতে হবে। উদাহরণস্বরূপ :

চলমান পাতা-০২


[Signature]

[Signature]
২/৪

কোন সম্ভাব্য আমানত হিসাবের বর্তমান স্থিতি ৮০.০০ টাকা হলে এ স্থিতির উপর ($\frac{১৫x৮০}{১১৫}$) ১০.৪৩ অর্থাৎ ১০.০০ (দশ) টাকা মুসক ও হিসাব রক্ষণাবেক্ষণ ফি (৮০.০০- ১০.০০) ৭০.০০ (সত্তর) টাকা। এ ক্ষেত্রে কোনক্রমেই পয়সা বিবেচনায় আনা যাবে না। উল্লেখ্য, ০.৫০ ও তদূর্ধ্ব টাকা পরবর্তী পূর্ণ টাকায় বিবেচনা করতে হবে।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত



(এ বি এম সফিকুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং-কেবি/প্রকা/কেহি-০১(০২)/২০১৬-২০১৭/২০৪২ (২৮১)

তারিখ : ১৮.০৪.২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সংশ্লিষ্ট সকলকে ব্যাংকের ওয়েবসাইট থেকে কপি সংগ্রহ করার অনুরোধসহ) :

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপকের দপ্তর, প্রশাসন/পরিচালন/হিসাব/নিরীক্ষা মহাবিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৩। সকল উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে নিয়োজিত), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা, আইটি ও প্রকৌশল বিভাগকে পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো;
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় কার্যালয়;
- ৫। বোর্ড সচিব, পর্যদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৬। সকল সহকারী মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়;
- ৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক;
- ৮। সকল শাখা ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক;
- ৯। অফিস নথি।


১৮-০৪-২০১৭
(মোহাম্মদ জাকির হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক